

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৬৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ জুমু'আর দিনের উক্ত ফযীলত ঐ ব্যক্তির জন্য যিনি নাপাকীর গোসলের ন্যায় গোসল দিয়ে জুমু'আয় উপস্থিত হয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذَا الْفَصْل إِنَّمَا يَكُونُ لِمَنْ أَتَى الْجُمْعَةَ مُغْتَسِلًا لَهَا كَغُسْل الْجَنَابَةِ

আরবী

2764 ـ أَخْبُرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ بِمَنْبِجَ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكِ عَنْ سُمَيٍّ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَنِ اعْتَسَلَ يَوْمَ الْجُمُعَةِ غُسُلُ الْجَنَابَةِ ثُمَّ رَاحَ فَكَأَنَّمَا قَرَّبَ بَدَنَةً وَمَنْ رَاحَ فِي السَّاعَةِ الثَّالِئَةِ فَكَأَنَّمَا قَرَّبَ بَيْنَةً وَمَنْ رَاحَ فِي السَّاعَةِ الثَّالِثَةِ فَكَأَنَّمَا قَرَّبَ كَبْشًا وَمَنْ رَاحَ فِي السَّاعَةِ الثَّالِئَةِ فَكَأَنَّمَا قَرَّبَ بَيْضَةً فَإِذَا لَلرَّابِعَةِ فَكَأَنَّمَا قَرَّبَ بَيْضَةً فَإِذَا الرَّابِعَةِ فَكَأَنَّمَا قَرَّبَ بَيْضَةً فَإِذَا خَرَجَ الْإِمَامُ حَضَرَتِ الملائكة يستمعون الذكر) خَرَجَ الْإِمَامُ حَضَرَتِ الملائكة يستمعون الذكر) الراوي : أَبُو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : أَبُو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1764 خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 1764 خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (378): ق.

বাংলা

২৭৬৪. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আবুল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে ব্যক্তি জুমু'আর দিন নাপাকীর গোসলের ন্যায় গোসল দিবে তারপর সকাল সকাল জুমু'আয় গমন করে, তবে সে ব্যক্তি যেন একটি উট সাদাকাহ করলো, যে ব্যক্তি দ্বিতীয় সময়ে গমন করে, সে যেন একটি গাভী সাদাকাহ করলো, যে ব্যক্তি তৃতীয় সময়ে গমন করে, সে যেন একটি দুম্বা সাদাকাহ করলো, যে ব্যক্তি চতুর্থ সময়ে গমন করে, সে যেন একটি মুরগী সাদাকাহ করলো, যে ব্যক্তি পঞ্চম সময়ে গমন করে, সে যেন একটি ডিম

النَّهَار ضِدَّ قَوْل مَنْ زَعَمَ أَنَّ الرَّوَاحَ لَا يَكُونُ إِلَّا بَعْدَ الزَّوَال.



সাদাকাহ করলো। অতঃপর ইমাম যখন খুতবার জন্য বের হন, তখন ফেরেস্তাগণ খুতবা শোনার জন্য উপস্থিত হন।"[1]

আবূ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসে স্পষ্ট বর্ণনা রয়েছে যে, আরবি الرواح শব্দটি দিবসের পুরো ভাগের উপর ব্যবহার হয়। এটা তার কথার বিপরীত যে ব্যক্তি বলে যে, এই শব্দটি কেবল সূর্য পশ্চিমাকাশে ঢলে যাওয়ার পরেই ব্যবহৃত হয়।"

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১০১; সহীহুল বুখারী: ৮৮১; সহীহ মুসলিম: ৮৫০; তিরমিযী: ৪৯৯; আবূ দাউদ: ৫৩১; নাসাঈ: ৩/৯৮; মুসনাদ আহমাদ: ২/৪৬০; বাগাবী: ১০৬৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৩৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন